রেজিস্ট্রারের কার্যালয়
Office of the Registrar

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

"শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ হাসিনার বাংলাদেশ"

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50 মুজিব শতবর্ষ 100

বাউবি/প্রশা(সাধা)/শুদ্ধাচার(এপিএ)-৩২(২)/২০০২/১২১১

তারিখ : ২৮ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
১৩ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

# প্রজ্ঞাপন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারীকৃত (বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যা কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত নভেম্বর ১৬, ২০২১) 'শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা-২০২১' মোতাবেক বাউবি'র শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান বাস্তবায়নের গাইডলাইন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে (কপি সংযুক্ত)।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

১৩/৩/2022

**ড. মহাঃ শফিকুল আলম**
রেজিস্ট্রার

**অনুলিপি:** সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

১. ডিন/পরিচালক/বিভাগীয় প্রধান (সকল), ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... স্কুল/বিভাগ, বাউবি।
২. পরিচালক (এসএসএস) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, অডিট সেল, উপাচার্যের দপ্তর, বাউবি।
৩. পরিচালক, মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্র, বাউবি।
৪. পরিচালক, ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি), বাউবি।
৫. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি। বাউবি'র ওয়েবসাইটে প্রজ্ঞাপনটি আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৬. আঞ্চলিক পরিচালক (সকল), ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... আঞ্চলিক কেন্দ্র, বাউবি।
৭. হেড অব আইসিটি, আইসিটি এন্ড ই-লার্নিং সেন্টার, বাউবি।
৮. যুগ্ম-পরিচালক, ইন্টারন্যাশনাল একাডেমিক প্রোগ্রাম উইং (আইএপিডব্লিউ), বাউবি।
৯. শাখা প্রধান, ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ..., প্রশাসন বিভাগ, বাউবি।
১০. উপ-পরিচালক, ছাত্র নির্দেশনা ও পরামর্শদান কেন্দ্র, বাউবি।
১১. একান্ত সচিব, প্রো-উপাচার্য (প্রশাসন)-এর দপ্তর, বাউবি। প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
১২. একান্ত সচিব, প্রো-উপাচার্য (শিক্ষা)-এর দপ্তর, বাউবি। প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
১৩. একান্ত সচিব, ট্রেজারার-এর দপ্তর, বাউবি। ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য।
১৪. সহকারী একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
১৫. সহকারী পরিচালক, রেজিস্ট্রার-এর দপ্তর, বাউবি।
১৬. সংশ্লিষ্ট নথি, বাউবি।



Main Campus: Board Bazar Gazipur-1705, Bangladesh, Phone: +88 02 9291112, IP Phone: +880 9666730730, Ex.101
web: www.bou.ac.bd, e-mail: registrar@bou.ac.bd, shafiqul_bou@yahoo.com

## বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুমোদিত 'শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা-২০২১' বাস্তবায়নের গাইডলাইন

### ১। উদ্দেশ্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুমোদিত 'শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা ২০২১' অনুযায়ী প্রতি অর্থবছরে বাউবি'র ০৩(তিন) জন কর্মচারীকে (বাউবিতে চাকুরীরত সকলে) শুদ্ধাচার চর্চার নিমিত্তে এই গাইডলাইন অনুযায়ী পুরস্কার প্রদান করা হবে।

### ২। পুরস্কার প্রদানের পর্যায়

শুদ্ধাচার চর্চার জন্য নিম্নোক্ত পর্যায়সমূহ বিবেচনা করা হবে:

২.১ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর গ্রেড-১ হতে গ্রেড-৯, গ্রেড-১০ হতে গ্রেড-১৬ এবং গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভুক্ত ০১(এক) জন করে মোট ০৩(তিন) জন কর্মচারী।**

২.২ **কর্মচারী বলতে বাউবিতে চাকুরিরত সকলকে বুঝাবে।

### ৩। মূল্যায়ন পদ্ধতি

নীতিমালায় বর্ণিত সূচক (Indicator)-এর ভিত্তিতে এবং প্রদত্ত পদ্ধতি অনুসরণে এ-পুরস্কার প্রদানের জন্য কর্মচারী নির্বাচন করা হবে। পুরস্কার প্রদানের সুপারিশ করার ক্ষেত্রে বিভিন্ন গ্রেডের কর্মচারীদের জন্য নির্ধারিত মূল্যায়ন সূচকের বিপরীতে ধার্যকৃত নম্বরসহ নিম্নোক্ত ছকে উল্লিখিত মোট ১০০ নম্বর বিবেচনা করা হবে।

**৩.১ স্কুল/বিভাগ প্রধানদের (গ্রেড-১ শিক্ষকসহ) শুদ্ধাচার পুরস্কার মূল্যায়ন সূচক**

| ক্রমিক | মূল্যায়নের সূচক | ধার্যকৃত নম্বর |
|---|---|---|
| ১. | সততা ও নৈতিকতা | ১০ |
| ২. | নেতৃত্ব | ১০ |
| ৩. | সংস্থা/ স্কুল/ বিভাগের অভিলক্ষ্য বাস্তবায়ন | ১০ |
| ৪. | সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনা | ১০ |
| ৫. | সিদ্ধান্ত গ্রহণ দক্ষতা | ১০ |
| ৬ | ই-নথি, সেবা সহজিকরণ, উদ্ভাবন ও সংস্কার কার্যক্রমকে উৎসাহিতকরণ | ১০ |
| ৭. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ১০ |
| ৮. | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন | ১০ |
| ৯. | প্রকল্প বাস্তবায়নে দক্ষতা | ১০ |
| ১০. | উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন | ১০ |

স্কুল/বিভাগ প্রধানদের সততা ও নৈতিকতা, নেতৃত্ব, সংস্থা/বিভাগের অভিলক্ষ্য বাস্তবায়ন, সিদ্ধান্ত গ্রহণে দক্ষতা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন এই ৫(পাঁচ)টি সূচকের বিপরীতে ধার্যকৃত ৫০ নম্বর উপাচার্য মহোদয়ের বিবেচনার জন্য থাকবে। অবশিষ্ট ০৫(পাঁচ)টি সূচকের বিপরীতে ধার্যকৃত ৫০ নম্বর বাছাই কমিটির অন্যান্য সদস্যগণ বিবেচনা করবেন।




Main Campus: Board Bazar Gazipur-1705, Bangladesh, Phone: +880 2 9291112, IP Phone: +880 9666730730, Ex.101
web: www.bou.ac.bd, e-mail: registrar@bou.ac.bd, shafiqul_bou@yahoo.com

### ৩.২ গ্রেড ২-৯ ভুক্ত কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার মূল্যায়ন সূচক

| ক্রমিক | মূল্যায়নের সূচক | ধার্যকৃত নম্বর |
|---|---|---|
| ১. | সততা ও নৈতিকতা | ১০ |
| ২. | সেবা গ্রহীতাদের সেবা প্রদান | ১০ |
| ৩. | পেশাগত দক্ষতা ও তথ্য প্রযুক্তির ব্যবহার (ই-নথি, ই-সার্ভিস ইত্যাদি) | ১০ |
| ৪. | অধস্তন কর্মচারীদের তত্ত্বাবধান ও পরিবীক্ষণ | ১০ |
| ৫. | দলগত কাজে সমন্বয় | ১০ |
| ৬ | সময়ানুবর্তিতা ও শৃঙ্খলাবোধ | ১০ |
| ৭. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে তৎপরতা | ১০ |
| ৮. | কর্তব্যনিষ্ঠ ও স্ব-প্রণোদিত উদ্যোগ | ১০ |
| ৯. | উদ্ভাবন ও সংস্কার কার্যক্রমে আগ্রহ | ১০ |
| ১০. | ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন | ১০ |

### ৩.৩ গ্রেড ১০-১৬ ভুক্ত কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার মূল্যায়ন সূচক

| ক্রমিক | মূল্যায়নের সূচক | ধার্যকৃত নম্বর |
|---|---|---|
| ১. | সততা ও নৈতিকতা | ১০ |
| ২. | সেবা প্রদানে দক্ষতা | ১০ |
| ৩. | সহকর্মী ও সেবাগ্রহীতার সঙ্গে আচরণ | ১০ |
| ৪. | উদ্ভাবন ও সংস্কারমূলক কাজে আগ্রহ | ১০ |
| ৫. | কম্পিউটার ব্যবহার ও ই-কমিউনিকেশনে দক্ষতা | ১০ |
| ৬ | সময়ানুবর্তিতা ও শৃঙ্খলাবোধ | ১০ |
| ৭. | নথি ব্যবস্থাপনায় দক্ষতা | ১০ |
| ৮. | দাপ্তরিক গোপনীয়তা রক্ষা | ১০ |
| ৯. | আনুগত্য ও বিশ্বস্ততা | ১০ |
| ১০. | ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন | ১০ |

### ৩.৪ গ্রেড ১৭-২০ ভুক্ত কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার মূল্যায়ন সূচক

| ক্রমিক | মূল্যায়নের সূচক | ধার্যকৃত নম্বর |
|---|---|---|
| ১. | সততা ও নৈতিকতা | ১০ |
| ২. | সেবা প্রদানে দক্ষতা | ১০ |
| ৩. | সহকর্মী ও সেবাগ্রহীতার সঙ্গে আচরণ | ১০ |
| ৪. | দাপ্তরিক গোপনীয়তা রক্ষা | ১০ |
| ৫. | দাপ্তরিক নিরাপত্তা সচেতনতা | ১০ |
| ৬ | সময়ানুবর্তিতা ও শৃঙ্খলাবোধ | ১০ |
| ৭. | আনুগত্য ও বিশ্বস্ততা | ১০ |
| ৮. | পরিষ্কার ও পরিচ্ছন্নতা | ১০ |
| ৯. | যথাযথ পোশাক পরিধান | ১০ |
| ১০. | ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন | ১০ |



Main Campus, Board Bazar Gazipur-1705, Bangladesh, Phone: +88 02 9291112, IP Phone: +880 9666730730, Ex.101
web: www.bou.ac.bd, e-mail: registrar@bou.ac.bd, shariful_bou@yahoo.com

## ৪। পুরস্কার প্রাপ্তির যোগ্যতা নির্ধারণ

৪.১ বিবেচ্য কর্মচারীকে পুরস্কার প্রদানের জন্য ন্যূনতম ০৬(ছয়) মাস সংশ্লিষ্ট কার্যালয়ে চাকরি করতে হবে।

৪.২ পুরস্কারের সূচকসমূহের বিপরীতে যথাসম্ভব প্রমাণকের ভিত্তিতে ক্যাটাগরি অনুসারে সর্বোচ্চ নম্বরপ্রাপ্তকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হবে।

৪.৩ কোন কর্মচারীর মোট প্রাপ্ত নম্বর ন্যূনতম ৮০ না হলে তিনি শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

৪.৪ কর্মচারীর বিরুদ্ধে কোন অভিযোগ তদন্তাধীন/বিভাগীয়/ফৌজদারি মামলা থাকলে/মামলায় শাস্তিপ্রাপ্ত হলে তিনি শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

৪.৫ একাধিক কর্মচারীর প্রাপ্ত নম্বর একই হলে যৌথভাবে সেরা কর্মচারী নির্বাচন করতে হবে এবং প্রত্যেকে পৃথকভাবে পুরস্কৃত হবেন।

৪.৬ কোন কর্মচারী একবার শুদ্ধাচার পুরস্কার পেলে বদলি, পদোন্নতি বা অন্য কোন কারণে কার্যালয় পরিবর্তিত হলেও তিনি পরবর্তী ০৩(তিন) বছরের মধ্যে পুনরায় পুরস্কার পাওয়ার জন্য বিবেচিত হবেন না। বদলীযোগ্য চাকরির জন্য প্রযোজ্য ক্ষেত্রে পূর্ববর্তী কর্মস্থলের প্রত্যয়ন গ্রহণ করতে হবে।

## ৫। শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য বাছাই কমিটি গঠন

৫.১ **কেন্দ্রীয় বাছাই কমিটি:** বাউবি'র কেন্দ্রীয় বাছাই কমিটি নিম্নোক্ত কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে গঠিত হবে-

| | |
|---|---|
| ক) উপাচার্য | সভাপতি |
| খ) প্রো-উপাচার্য (প্রশাসন) | সদস্য |
| গ) প্রো-উপাচার্য (শিক্ষা) | সদস্য |
| ঘ) ট্রেজারার | সদস্য |
| ঙ) উপাচার্য কর্তৃক মনোনীত একজন ডীন | সদস্য |
| চ) উপাচার্য কর্তৃক মনোনীত একজন অধ্যাপক | সদস্য |
| ছ) উপাচার্য কর্তৃক মনোনীত একজন পরিচালক | সদস্য |
| জ) শুদ্ধাচার কমিটির সভাপতি | সদস্য |
| ঝ) পরিচালক, আইকিউএসি | সদস্য |
| ঞ) রেজিস্ট্রার | সদস্য-সচিব |

৫.২ উক্ত কমিটি নির্ধারিত মূল্যায়ন সূচকের বিপরীতে পুরস্কার প্রাপ্তির যোগ্যতার মাধ্যমে পুরস্কার প্রদানের পর্যায় বিবেচনায় নিয়ে পুরস্কারের জন্য সুপারিশ করবেন। বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে বাউবি'র শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হবে।

৫.৩ প্রতিটি স্কুল, বিভাগ/কেন্দ্র/সেন্টার/দপ্তর হতে যথাক্রমে ডিন এবং পরিচালক/সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উল্লিখিত তিনটি গ্রেডভিত্তিক (প্রযোজ্য ক্ষেত্রে) ক্যাটাগরির অনুকূলে বর্ণিত সূচকের বিপরীতে মূল্যায়ন করে প্রতি ক্যাটাগরিতে ০১(এক) জনের বিপরীতে সর্বোচ্চ ০৩(তিন) জনের নাম প্রস্তাব করবে।

৫.৪ আঞ্চলিক কেন্দ্র হতে প্রতি গ্রেডভিত্তিক ক্যাটাগরিতে ০১(এক) জনের বিপরীতে সর্বোচ্চ ০৩(তিন) জনের নাম স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগের মাধ্যমে প্রেরণ করতে হবে।

৫.৫ বিভিন্ন স্কুল, বিভাগ/কেন্দ্র/সেন্টার/দপ্তর ও আঞ্চলিক কেন্দ্র হতে প্রাপ্ত সুপারিশসমূহ শুদ্ধাচার কমিটি যাচাই ও বাছাই করে সুপারিশকৃতদের তালিকা কেন্দ্রীয় বাছাই কমিটির নিকট প্রেরণ করবে।



Main Campus: Board Bazar, Gazipur-1705, Bangladesh, Phone: +88 02 9291112, Phone: +880 9666730730, Ex.101
web: www.bou.ac.bd, e-mail: registrar@bou.ac.bd, shahidul_bou@yahoo.com

**৬। পুরস্কারের মান**

পুরস্কার হিসাবে মন্ত্রিপরিষদ বিভাগ-এর নির্ধারিত ফরম্যাটে একটি সার্টিফিকেট, একটি ক্রেস্ট এবং একমাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করা হবে। তবে কোন কর্মচারী যে মাসে পুরস্কারের জন্য নির্বাচিত হবেন তার পূর্ববর্তী মাসের আহরিত মূল বেতনের সমপরিমাণ অর্থ পুরস্কার হিসাবে প্রাপ্ত হবেন।

**৭। শুদ্ধাচার বিষয়ক প্রণোদনা**

৭.১ বাউবি'র দেশব্যাপী ১২টি আঞ্চলিক কেন্দ্র ও ৮০টি উপ-আঞ্চলিক কেন্দ্রের পরিধি এবং শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীদের কার্যক্রমের বৈশিষ্ট্য বিবেচনায় নিয়ে জাতীয় শুদ্ধাচার কৌশলের রূপকল্প "সুখী-সমৃদ্ধ সোনার বাংলা" এবং অভিলক্ষ্য 'রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা' যথাযথভাবে মাঠ পর্যায়ে বাস্তবায়নের জন্য প্রতি অর্থ-বছরে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের একটি স্কুল, একটি বিভাগ/কেন্দ্র/সেন্টার/দপ্তর, একটি আঞ্চলিক এবং একটি উপ-আঞ্চলিক কেন্দ্রকে শুদ্ধাচার কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন, দুর্নীতি হ্রাস, স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি ও কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়নের জন্য প্রণোদনা প্রদান করা হবে।

৭.২ শুদ্ধাচার বিষয়ক প্রণোদনা প্রদানের ক্রাইটেরিয়া শুদ্ধাচার কমিটি কর্তৃক নির্ধারণ করে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বাস্তবায়ন করবে।

৮। বিভিন্ন সময়ে সরকার কর্তৃক প্রদানকৃত নির্দেশনা এবং বিশ্ববিদ্যালয়ের স্বার্থে এই গাইডলাইন সংশোধন ও পরিমার্জন করা যাবে।

৯। কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুমোদিত 'শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা-২০২১' বাস্তবায়নের গাইডলাইনটি বোর্ড অব গভর্নরস-এ অবগত করার সুপারিশ করা হলো।

মো: শফিকুল হোসেন
সহকারী পরিচালক (প্রশাসন বিভাগ)
সাধারণ প্রশাসন
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৫

মোঃ জাহাঙ্গীর আলম
উপ-পরিচালক
প্রশাসন বিভাগ (সাধারণ প্রশাসন)
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৫

\\10.11.221.17\Taposh Documents\Office-2012\Rules Folder\শুদ্ধাচার কৌশল নীতিমালা\শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা 2021.doc/p-4